বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাক্স নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ
www.bangladeshbank.org.bd

কৃষিঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(পলিসি শাখা)

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার নং ০৬ তাং ০৩/৮/২০০৯ ইং

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**সৌর শক্তি (Solar Energy), বায়োগ্যাস (Bio-gas) ও বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (Effluent Treatment Plant) খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কীম ।**

দেশে সৌরশক্তির ব্যবহার এবং পরিবেশবান্ধব বিকল্প জ্বালানী ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ ও গ্যাস ঘাটতি মোকাবিলা এবং প্রাকৃতিক ভারসাম্য রক্ষা ও জনস্বাস্থ্য সংরক্ষণের স্বার্থে ব্যাংকসমূহ যাতে সহজে ও সহজশর্তে সৌরশক্তি, বায়োগ্যাস এবং বর্জ্য পরিশোধন প্ল্যান্ট খাতে ঋণ প্রদান করতে পারে সে লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস থেকে প্রাথমিকভাবে ২০০.০০ কোটি (দুইশত কোটি) টাকার আবর্তনশীল তহবিল নিয়ে **'সৌর শক্তি (Solar Energy), বায়োগ্যাস (Bio-gas) ও বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (Effluent Treatment Plant) খাতে পুনঃঅর্থায়ন স্কীম'** নামে একটি স্কীম গঠন করা হয়েছে। স্কীমের বৈশিষ্ট্য ও এর আওতায় পুনঃঅর্থায়নের শর্তাবলী নিম্নরূপ ঃ

০১. **স্কীমের আওতাঃ**

দেশের শহর ও পল্লী এলাকায় গৃহস্থালী বা ব্যবসা প্রতিষ্ঠানে সৌর শক্তি প্যানেল স্থাপন, সৌর ফটোভোল্টাইক সংযোজন প্ল্যান্ট/শিল্প স্থাপন, গৃহস্থালী বা বাণিজ্যিকভিত্তিতে বায়োগ্যাস প্ল্যান্ট/সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন এবং শিল্প প্রতিষ্ঠানে বর্জ্য পরিশোধন প্ল্যান্ট স্থাপনে ব্যাংকসমূহের অর্থায়নের বিপরীতে উপরোক্ত স্কীমের আওতায় সর্বোচ্চ ১০০% পর্যন্ত পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

০২. **স্কীমের আওতাভুক্ত খাত ও সর্বোচ্চ ঋণসীমা ঃ**

এ স্কীমের আওতায় প্রদত্ত ঋণের সর্বোচ্চ সীমা নিম্নরূপঃ

| খাত | বর্ণনা | সর্বোচ্চ ঋণসীমা |
|---|---|---|
| ১ (ক)। সৌর (Solar) প্যানেল | পল্লী এলাকার জন্য | ৭০,০০০/- টাকা (সত্তর হাজার টাকা মাত্র) |
| | শহর এলাকার জন্য | ১,৭৫,০০০/- টাকা (এক লক্ষ পঁচাত্তর হাজার টাকা মাত্র) |
| ১ (খ)। সৌর ফটোভোল্টাইক সংযোজন প্ল্যান্ট/শিল্প (Solar PV Assembly Plant) স্থাপন। | - | সংযোজন ক্ষমতার ভিত্তিতে ঋণসীমা নির্ধারিত হবে। |
| ২। বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট | বিদ্যমান গবাদি/পোল্ট্রী খামারে বায়োগ্যাস প্ল্যান্ট সংস্থাপন | ৩৬,০০০/- টাকা (ছত্রিশ হাজার টাকা মাত্র) |
| | সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন | ৩,০০,০০০/- টাকা (তিন লক্ষ টাকা মাত্র) |
| ৩। বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ETP) | কেমিক্যাল ও বায়োলজিক্যাল ETP অথবা বায়োলজিক্যাল ETP স্থাপন। স্থানীয় ও আমদানী ব্যয়সহ। | ১,০০,০০,০০০/- টাকা (এক কোটি টাকা মাত্র) |

(চলমান পাতা-২)

## ২.১ <u>সৌর শক্তি (Solar Energy)</u>

শহর ও পল্লী এলাকায় একক/যৌথ ভাবে ব্যবসা প্রতিষ্ঠান বা পারিবারিক ব্যবহারের উদ্দেশ্যে ব্যক্তি পর্যায়ে সৌর (Solar) প্যানেল স্থাপনের জন্য ব্যাংকসমূহের অর্থায়নের বিপরীতে উপরোক্ত স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদেয় হবে। তবে অনগ্রসর এবং বিদ্যুত সংযোগবিহীন এলাকার জন্য এ সুবিধা অগ্রাধিকার পাবে।

দেশে সৌর প্যানেল/মডিউল সহজলভ্য করার উদ্দেশ্যে সৌর ফটোভোল্টাইক সংযোজন প্ল্যান্ট/শিল্প (Solar PV Assembly Plant) স্থাপনের জন্য ব্যাংক কর্তৃক অর্থায়নের বিপরীতে স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা বিবেচনা করা হবে।

### ২.১.১ <u>শহর এলাকার জন্য</u>

**(ক) সৌর প্যানেলের ক্ষমতা ঃ** সর্বনিম্ন ১৭০ ওয়াট থেকে সর্বোচ্চ ৫২০ ওয়াট পর্যন্ড়;

**(খ) ঋণ সীমা ঃ** সর্বনিম্ন টাঃ ৬০০০০/- থেকে সর্বোচ্চ টাঃ ১৭৫০০০/- ;

**(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** একক অথবা যৌথভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান;

**(ঘ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইক্যুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

- ব্যাংক সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলেঃ প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%
- ব্যাংককর্তৃক এনজিও লিংকেজ (NGO Linkage) ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হারঃ
  প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৫%

**(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে পরিশোধযোগ্য এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ ধার্যযোগ্য।

**(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

### ২.১.২ <u>পল্লী এলাকার জন্য</u>

**(ক) সৌর প্যানেলের ক্ষমতা ঃ**

নিজস্ব ব্যবহারের জন্যঃ সর্বনিম্ন ১০ ওয়াট থেকে সর্বোচ্চ ১৩০ ওয়াট পর্যন্ত ;

বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহারের জন্যঃ ৫২০ ওয়াট পর্যন্ত ;

**(খ) ঋণ সীমা ঃ**

নিজস্ব ব্যবহারের জন সর্বনিম্ন টাঃ ১০০০০/- থেকে সর্বোচ্চ টাঃ ৭০,০০০/-

বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহারের জন্য সর্বোচ্চ টাঃ ১৭৫০০০/- ;

**(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** একক অথবা যৌথভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান;

**(ঘ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইক্যুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

- ব্যাংক সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলেঃ প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%
- ব্যাংককর্তৃক এনজিও লিংকেজ (NGO Linkage) ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হারঃ
  প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৫%

**<u>(চলমান পাতা-৩)</u>**

(চ) **গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়নঃ** ঋণ গ্রহণের তারিখ হতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ ধার্যযোগ্য।

(ছ) **পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

### ২.১.৩ সৌর ফটোভোল্টাইক সংযোজন প্ল্যান্ট/শিল্প (Solar PV Assembly Plant) স্থাপন

(ক) **ঋণ সীমা ঃ** সংযোজন ক্ষমতার ভিত্তিতে ঋণসীমা নির্ধারিত হবে।

(খ) **গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ** প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৩%

(গ) **গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ ধার্যযোগ্য।

(ঘ) **পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে পরিশোধযোগ্য।

## ২.২ বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট

পল্লী বা শহরাঞ্চলের যে কোন এলাকায় বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্য বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপনে ব্যাংকসমূহের অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদেয় হবে। তবে, গ্যাস নেটওয়ার্কবিহীন এলাকা অগ্রাধিকার যোগ্য। বিদ্যমান গবাদি/ পোল্ট্রী (হাঁস-মুরগী) খামারে বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপনে এবং বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্টসহ সমন্বিত গর“র খামার স্থাপনের জন্য এই পুনঃঅর্থায়ন সুবিধা প্রদেয় হবে।

### ২.২.১ বিদ্যমান গবাদি/ পোল্ট্রী (হাঁস-মুরগী) খামারে বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপন

(ক) **আয়তন সীমা ঃ**

- গৃহস্থালী/বাণিজ্যিকভিত্তিতে বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্যঃ সর্বনি¤œ ১.২ ঘনমিটার থেকে সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার

(খ) **গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ** সর্বনি¤œ টাঃ ১৮০০০/= থেকে সর্বোচ্চ টাঃ ৩৬০০০/= ।

(গ) **ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** একক অথবা যৌথভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান।

(ঘ) **ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইক্যুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

(ঙ) **গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

- ব্যাংক সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলেঃ প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%
- ব্যাংক কর্তৃক এনজিও লিংকেজ (NGO Linkage) ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হারঃ প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৫%

(চ) **গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল এবং সুদ হিসাবায়ন ঃ**

ঋণ গ্রহণের তারিখ হতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে পরিশোধযোগ্য এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ ধার্যযোগ্য।

(ছ) **পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

**(চলমান পাতা-৪)**

## ২.২.২ সমন্বিত গরু পালন ও বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপন

**(ক) আয়তন সীমা ঃ**

- গৃহস্থালী/বাণিজ্যিকভিত্তিতে বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্যঃ ৪ (চার)টি উন্নত জাতের গরু এবং সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার বায়োডাইজেস্টার।

**(খ) গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ** সর্বোচ্চ টাঃ ৩,০০,০০০/= ।

**(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** একক অথবা যৌথভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান।

**(ঘ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইক্যুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

ব্যাংক সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলেঃ প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%

ব্যাংক কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মঞ্জুরী, ঋণ বিতরণ, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহার করা হলে গ্রাহক পর্যায়ে সুদের হারঃ প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%)+সর্বোচ্চ ৫%

**(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ**

ঋণ গ্রহণের তারিখ হতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে পরিশোধযোগ্য এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ ধার্যযোগ্য।

**(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

## ২.৩ বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ETP)

পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী যে সমস্ত শিল্প কারখানায় উৎপাদন প্রক্রিয়ায় তরল বর্জ্য উৎপন্ন হয় (যেমনঃ টেক্সটাইল ডাইং, ফার্মাসিউটিক্যাল, গার্মেন্টস ওয়াশিং, সার, কাগজ, ডিস্টিলারি, চিনি উৎপাদন কারখানা ইত্যাদি) সে সকল শিল্প কারখায় বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ETP) স্থাপন বাধ্যতামূলক। ঐ সকল শিল্প কারখানায় বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ETP) স্থাপনের বিপরীতে এই পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।

### ২.৩.১ অবকাঠামো নির্মাণসহ কেমিক্যাল ও বায়োলজিক্যাল ETP অথবা বায়োলজিক্যাল ETP স্থাপন

**(ক) কারখানার উৎপাদন ক্ষমতা ঃ** দৈনিক সর্বনিম্ন ৫ টন থেকে সর্বোচ্চ ২০ টন পর্যন্ত

**(খ) ETP-এর পরিশোধন ক্ষমতা ঃ** দৈনিক সর্বনিম্ন ৫০০ ঘনমিটার থেকে সর্বোচ্চ ২০০০ ঘনমিটার

**(গ) গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ** পরিশোধনের ক্ষমতার ভিত্তিতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা।

**(ঘ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী যে সমস্ত শিল্প কারখানায় বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ETP) স্থাপন বাধ্যতামূলক এমন শিল্প প্রতিষ্ঠান ।

**(ঙ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইক্যুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(চ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ** প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%

**(ছ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

**(জ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

**(ঝ) কর্ম সম্পাদন ঃ** গ্রাহক পর্যায়ে ঋণের প্রথম কিস্তি গ্রহণের ৬ (ছয়) মাসের মধ্যে ETP স্থাপনের কাজ সম্পন্ন করার বিষয়টি ব্যাংক কর্তৃক নিশ্চিত করতে হবে।

**(চলমান পাতা-৫)**

(ঞ) **ঋণের আওতাঃ** ETP স্থাপনের প্রকৃত ব্যয় (অবকাঠামো নির্মান, পাইপিং এবং যন্ত্রাংশ বাবদ ব্যয়)-এর জন্য ব্যাংকসমূহ কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে ব্যাংকসমূহ আংশিক ভিত্তিতে অথবা এককালীন পুনঃঅর্থায়নের আবেদন করতে পারবে। কনসালট্যান্ট এবং মেরামত সংক্রান্ত সম্ভাব্য ব্যয় পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না।

**০৩. গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ**

ক. নির্ধারিত সময়ের মধ্যে উপরোল্লিখিত শর্তাদি অনুযায়ী সুদসহ ঋণের সমুদয় অর্থ গ্রাহক কর্তৃক পরিশোধযোগ্য হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ঋণ পরিশোধিত না হলে অতিরিক্ত সময়ের জন্য ব্যাংক অনাদায়ী বকেয়ার ওপর নিজস্ব নীতিমালা অনুযায়ী সুদ ধার্য করতে পারবে।

খ. সুদ হিসাবায়নের ক্ষেত্রে কোন ধরণের লুকায়িত খরচ হিসাব করা যাবে না।

**০৪. পুনঃঅর্থায়ন গ্রহণের যোগ্যতা এবং আবেদন প্রক্রিয়াঃ**

ক. আলোচ্য স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন গ্রহণে আগ্রহী ব্যাংকসমূহকে মহাব্যবস্থাপক, কৃষিঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়-এর সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে । এ চুক্তি মোতাবেক সুদসহ ঋণ পরিশোধ নিশ্চিত করতে হবে এবং এ মর্মে তাদেরকে আলাদাভাবে ডিপি নোট (প্রতিশ্রুতি পত্র) সম্পাদন করতে হবে।

খ. ব্যাংকসমূহ বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে প্রতি ০৩ (তিন) মাস অন্তর আলোচ্য স্কীমের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১৫ দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংকে আবেদন করবে। আবেদনের সময়ে প্রদত্ত ঋণের মঞ্জুরীপত্রসহ প্রয়োজনীয় তথ্যাদি দাখিল করতে হবে।

গ. ব্যাংকসমূহকে এ স্কীমের আওতায় বিতরণকৃত ঋণের সর্বোচ্চ ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। পুনঃঅর্থায়ন সুবিধা 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে প্রদেয় হবে।

**০৫. ঋণের সদ্ব্যবহার ও তথ্য সরবরাহ**

ক. পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণের সদ্ব্যবহার সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/বিবরণী ব্যাংক/সমূহ সরবরাহ করবে।

খ. কোন ব্যাংক/ যদি ভুল তথ্য প্রদানের মাধ্যমে আলোচ্য স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করেছে মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট বিবেচিত হলে উক্তরূপে গৃহীত অর্থ প্রচলিত ব্যাংক রেট অপেক্ষা ৫% অধিক হারে সুদসহ এককালীন আদায়যোগ্য হবে।

গ. পুনঃঅর্থায়নকৃত ঋণের সদ্ব্যবহারের বিষয়টি বাংলাদেশ ব্যাংক সময় সময় সরেজমিনে যাচাই করবে। এ রূপ যাচাইয়ে যদি প্রমাণিত হয় যে, বিতরণকৃত ঋণের সদ্ব্যবহার হয়নি সে ক্ষেত্রে পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হতে প্রচলিত ব্যাংক রেট অপেক্ষা ৫% অধিক হারে সুদসহ এককালীন আদায়যোগ্য হবে।

**(চলমান পাতা-৬)**

০৬. <u>আদায়</u>

ক. বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত পুনঃঅর্থায়নের উপর প্রচলিত ব্যাংক রেটে সুদ ধার্য হবে।

খ. পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণ ব্যাংককর্তৃক ঋণ গ্রহণের তারিখ থেকে ত্রৈমাসিক কিস্তিতে নির্ধারিত সময়ের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য হবে।

গ. পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে সুদসহ পুনঃঅর্থায়িত ঋণের পরিশোধযোগ্য কিস্তি পরিশোধ করা না হলে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব থেকে সুদসহ মেয়াদোত্তীর্ণ কিস্তির সমপরিমাণ অর্থ কর্তন করে নেয়া হবে।

০৭. <u>অন্যান্য</u>

ক. ঋণগ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরী, বিতরণ, দলিল সম্পাদন, ডেট ইক্যুইটি অনুপাত, ঋণের সদ্ব্যবহার ও তদারকীর বিষয় ঋণপ্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব বিধি-বিধান ও ব্যাংক-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

খ. বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংকসমূহের উপর ন্যস্ত থাকবে। গ্রাহকপর্যায়ে ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনাকে সম্পর্কিত করা যাবে না।

গ. অত্র সার্কুলার জারীর তারিখ হতে উপরোক্ত স্কীম কার্যকর হবে এবং অত্র স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তহবিলের প্রাপ্যতা সাপেক্ষে প্রযোজ্য হবে।

ঘ. স্কীমের শর্তাদি বা তহবিল-এর বিষয়ে যে কোনো সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনের অধিকার বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে। তবে এ ধরণের কোনো পরিবর্তনের বিষয়টি যথারীতি ব্যাংকসমূহকে অবহিত করা হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত
(এস, এম, মনিরুজ্জামান)
মহাব্যবস্থাপক
ফোন নং-৭১২০৯৪৭